গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. ফারহিনা আহমেদ সচিব পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সভার তারিখ	:	০৬ জুলাই, ২০২৩ খ্রি.
সভার সময়	:	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	:	অনলাইন প্লাটফর্ম
উপস্থিতি	:	রেকর্ডেট

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং সভায় উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৭/০৬/২০২৩ তারিখ আয়োজিত আন্তঃ মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর নির্দেশনাসমূহ সভায় উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন) মন্ত্রিপরিষদ বিভাগের সভার বিভিন্ন কর্মসূচীসহ এ মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য অংশ সভায় উপস্থাপন করেন।

২। দপ্তর/সংস্থা প্রধানগণ জানান যে প্রতিবারের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে কর্মসূচি প্রণয়ন করার বিষয়ে দপ্তর/সংস্থা প্রধানগণ অভিমত ব্যক্ত করেন। সভাপতি জানান যে মাননীয় মন্ত্রী ও উপমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা যুক্তিযুক্ত হবে। তিনি সংশ্লিষ্ট সকলকে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে সার্বিক প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান।

৩। বিস্তারিত আলোচনান্তে ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র: নং	কর্মসূচি	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
(১)	১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	যুগ্মসচিব (প্রশাসন)/সকল দপ্তর/সংস্থা প্রধানগণ
(২)	মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা সম্মিলিতভাবে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হবে।	যুগ্মসচিব (প্রশাসন)
(৩)	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০২৩ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে।মাননীয় মন্ত্রী ও উপমন্ত্রীর সাথে আলোচনাক্রমে সময় ও বিস্তারিত কর্মসূচি গ্রহণ করবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/সকল দপ্তর/সংস্থা প্রধানগণ
(৪)	মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ তারিখ হতে কালো ব্যাচ ধারণ করবে।	অনুবিভাগ প্রধান/দপ্তর সংস্থা প্রধান
(৫)	এ মন্ত্রণালয়ের অধীন জেলা/উপজেলা পর্যায়ের সকল দপ্তর/সংস্থা জেলা প্রশাসন/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে 'জাতীয় শোক দিবস' পালনের	সকল দপ্তর/সংস্থা প্রধান

	কর্মসূচি গ্রহণ করবে।	
(৬)	জাতীয় শোক দিবসের তাৎপর্যের সাথে সঙ্গতিপূর্ণ একই ধরনের ব্যানার, ড্রপডাউন ব্যানার ব্যবহার করতে হবে। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণ করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন)
(৭)	সরকারি সকল ওয়েবসাইটে আগস্ট মাসব্যাপি প্রদর্শনের জন্য একই ডিজাইনের ওয়েবব্যানার ব্যবহার করতে হবে। সিস্টেম এনালিষ্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	সিস্টেম এনালিষ্ট
(৮)	জাতীয় শোক দিবস, ২০২৩ পালনে মন্ত্রিপরিষদ বিভাগ আলোচনার কোন প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করলে তা অনুসরণ করতে হবে। অন্যথায় এ মন্ত্রণালয়ের কর্যক্রমের সাথে জাতির পিতার অবদানকে গুরুত্ব দিয়ে আলোচনার প্রতিপাদ্য নির্ধারণ করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন)/ দপ্তর/সংস্থা প্রধান
(৯)	আগস্ট, ২০২৩ মাসব্যাপি এলইডি প্যানেলে জাতির পিতার উপর নির্মিত প্রামান্য চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সিস্টেম এনালিষ্ট

৪। 'জাতীয় শোক দিবস' যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের অনুরোধ জানিয়ে এবং জাতির পিতা ও ১৫ আগস্ট ১৯৭৫ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবসহ যাঁরা শাহাদত বরণ করেছেন তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯/০৭/২০২৩ খ্রি:

ড. ফারহিনা আহমেদ
সচিব

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৫৩.২৩.২৩৮.২০১৮-৫০৮

তারিখ: ২৫ আষাঢ়, ১৪৩০ ব.
০৯ জুলাই ২০২৩ খ্রি:

বিতরণ: মন্ত্রণালয় (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা
৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৯। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
১১। অফিস কপি।

অধিদপ্তর/সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
২। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ৭৩, মতিঝিল, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর-১, ঢাকা।
৬। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।

মো: ফাইজুর রহমান
সহকারী সচিব
০৯/০৭/২০২৩